



জগন্নাথ বিশ্ববিদ্যালয় ইতিহাস বিভাগের শিক্ষক এবং আধুনিক ভাষা ইনস্টিটিউটের পরিচালকের পিতার মৃত্যুতে দোয়া মাহফিল অনুষ্ঠিত



৭ জুলাই -২০২১, বুধবার, বাদ আছর জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির আয়োজনে বিশ্ববিদ্যালয়ের মসজিদে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগের সহকারী অধ্যাপক সাঈদা নাসরিন এবং আধুনিক ভাষা ইনস্টিটিউটের পরিচালক খন্দকার মোস্তাসির হাসানের পিতা অধ্যাপক মোঃ দেলোয়ার হোসেন খন্দকার এর মৃত্যুতে দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। দোয়া মাহফিল পরিচালনা করেন বিশ্ববিদ্যালয় মসজিদের সিনিয়র পেশ ইমাম-কাম-খতিব মোঃ ছলাহ উদ্দিন।

দোয়া মাহফিলে সাঈদা নাসরিন এবং অধ্যাপক মোঃ দেলোয়ার হোসেন খন্দকার এর মৃত্যুতে তাদের বিদেহী আত্মার শান্তি কামনা এবং মহামারী কোভিড ১৯ -এ মৃত্যুবরণকারীদের জন্য দোয়া করা হয়।

এসময় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. মোঃ নূরে আলম আব্দুল্লাহ ও সাধারণ সম্পাদক অধ্যাপক ড. শামীমা বেগম, সহ-সভাপতি অধ্যাপক ড. মোহাম্মদ আব্দুল বাকী, প্রক্টর ড. মোস্তফা কামাল, সহকারী প্রক্টরবৃন্দ ও অন্যান্য শিক্ষক,শিক্ষার্থী ,কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।